

## 📖 সুনান আদ-দারাকুতনী

হাদিস নম্বরঃ ১১০৪

৩. নামায (الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তাকবীর (তাহরীমা) বলা এবং নামাযের শুরুতে, রুকুতে যেতে ও রুকু থেকে। উঠতে উভয় হাত (উপরে) উঠানো এবং এর পরিমাণ ও এ সম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ التَّكْبِيرِ وَرَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الْإِفْتِتَاحِ وَالرُّكُوعِ وَالرَّفْعِ مِنْهُ ، وَقَدْرُ ذَلِكَ ، وَاخْتِلَافِ  
الرِّوَايَاتِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ هَارُونَ ، ثنا إِسْحَاقُ بْنُ شَاهِينَ ، ثنا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ ، عَنْ  
يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى ، عَنْ الْبَرَاءِ : " أَنَّهُ رَأَى النَّبِيَّ - صَلَّى  
اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - حِينَ قَامَ إِلَى الصَّلَاةِ كَبَّرَ ، وَرَفَعَ يَدَيْهِ  
قَالَ وَحَدَّثَنِي أَيْضًا عَدِيُّ بْنُ ثَابِتٍ ، عَنْ الْبَرَاءِ ، عَنْ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ -  
بِمِثْلِهِ ، وَهَذَا هُوَ الصَّوَابُ ، وَإِنَّمَا لُقِّنَ يَزِيدُ فِي آخِرِ عُمُرِهِ : " ثُمَّ لَمْ يَعُدْ " فَتَلَقَّنَهُ وَكَانَ  
قَدْ اخْتَلَطَ

বাংলা

১১০৪(২৩). মুহাম্মাদ ইবনে ইয়াহইয়া ইবনে হারুন (রহঃ) ... আল-বারাআ (রাঃ) থেকে বর্ণিত। তিনি নবী  
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছেন যে, তিনি যখন নামায শুরু করতেন তখন তাকবীর বলতেন এবং  
তাঁর হস্তদ্বয় উপরে উত্তোলন করতেন। অধস্তন রাবী বলেন, আদী ইবনে সাবেত (রহঃ) আল-বারাআ (রাঃ)-নবী  
সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে আমার নিকট পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন এবং এটাই যথার্থ।  
ইয়াযীদ (রহঃ) তার শেষ বয়সে (তা) তালকীন (শিক্ষা) দিতেন। অতঃপর তিনি এর পুনরাবৃত্তি করেননি। তিনি তা  
তালকীন (শিক্ষা) দেন, তখন (বার্ধক্যের কারণে) তিনি তালগোল পাকিয়ে ফেলেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80893>

হাদিসবিডি প্রজেক্টে অনুদান দিন